



আগামী ১২ ডিসেম্বর, ২০১৮ ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপনের মাধ্যমে স্টুডেন্ট চ্যাপ্টারের যাত্রা শুরু করতে যাচ্ছে ইন্সটিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি)। আইইবি'র কম্পিউটার ইঞ্জিনিয়ারিং ডিভিশন এর উদ্যোগে বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্রছাত্রীদের জন্য টেক-এন্ট্রাপ্রেনরশীপ সম্পর্কিত 'টেকনোভেশন' নামক অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে উদযাপন করা হবে "ডিজিটাল বাংলাদেশ দিবস"। এই কুইজটি আয়োজনে টেকনিক্যাল সহায়তা প্রদান করছে সায়েন্স পাঠশালা যা মূলত অনলাইন ভিত্তিক শিক্ষামূলক প্ল্যাটফর্ম।

কুইজটি অনুষ্ঠিত হবে ১১ই ডিসেম্বর, ২০১৮ রাত ১২:০০টা থেকে ১২ই ডিসেম্বর, ২০১৮ রাত ১১:৫৯টা পর্যন্ত। দেশের যেকোনো প্রান্তের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করতে পারবে অনলাইনে। কুইজে অংশগ্রহণ করতে ভিজিট করতে হবে ইন্সটিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি) এর ফেসবুক পেজ (www.facebook.com/IEBangladesh/) বা আইইবি স্টুডেন্ট চ্যাপ্টার এর ফেসবুক গ্রুপ (www.facebook.com/groups/IEBsc/)। বিজয়ী সেরা ১০ জনকে আইইবি'র পক্ষ থেকে গিফট এর পাশাপাশি সার্টিফিকেট প্রদান করা হবে এবং সেরা ৩ জনকে ক্রমান্বয়ে ২০ হাজার, ১০ হাজার এবং ৫ হাজার টাকা পুরস্কৃত করা হবে।

#IEB
#DigitalBangladesh
#Technovation
#IEBStudentChapter
#TechEntrepreneurship
#sciencePathshala
#DigitalBangladeshDay